

কোর্ট প্রধান কার্যালয়, তারিখ ১০ মে ২০১৭

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী

হইতে : সহকারি পরিচালক- মৌলিক কর্মসূচি

বিষয় : ক্ষুদ্রঋণের কল্যান তহবিলের (বীমা) নীতিমালা সংশোধন প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ

ব্যবস্থাপনার সিদ্ধান্তক্রমে ক্ষুদ্রঋণের কল্যান তহবিলের (বীমা) নীতিমালায় কিছু সংশোধনী আনা হয়েছে, যা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা হলো।

১. এই সার্কুলারের ফলে পূর্বের কল্যান তহবিলের নীতিমালা বাতিল বলে গণ্য হবে এবং ১লা জুন ২০১৭ তারিখ থেকে এই সার্কুলারটি কার্যকর হবে।

২. এখন থেকে কল্যান তহবিলের আদায়ের হার হবে নিম্নরূপ:

ক্রম নং	ঋণের পরিমাণ	কল্যান তহবিলের হার
১	১.০ হাজার থেকে ৩.০ লক্ষ পর্যন্ত	প্রতি হাজারে ১০.০ টাকা
২	৩.০১ লক্ষ থেকে ৮.০ লক্ষ পর্যন্ত	প্রতি হাজারে ৭.০ টাকা
৩	৮.০ লক্ষ টাকা উর্ধ্বে	প্রতি হাজারে ৫.০ টাকা
৪	হতদরিদ্র (বুনিয়াদ) ঋণের ক্ষেত্রে	প্রতি হাজারে ৫.০ টাকা

৩. কল্যান তহবিলের সুবিধা ও আওতা

৩.১ সুবিধা ও আওতা

ক্রম নং	শর্ত	সুবিধা প্রদান		
		ঋণ	সঞ্চয়	অনুদান
১	সদস্য মৃত্যু হলে	ঋণ মওকুফ (মৃত্যু তারিখের ঋণস্থিতি)	সুদসহ সঞ্চয় ফেরৎ	২০০০ টাকা
২	স্বামী মৃত্যু হলে	ঐ	ঐ	ঐ
৩	জামিনদার (শুধুমাত্র পরিবারের সদস্য হলে)	ঐ	ঐ	ঐ
৪	চার (৪) টি রোগ বা দুর্ঘটনার জন্য বীমার সুবিধা পাবে।	ঐ	ঐ	পাবে না
৫	মেয়াদ উত্তীর্ণ সদস্যের ক্ষেত্রে	সঞ্চয়ের সাথে সমন্বয়ের পর বাকী ঋণ স্থিতি	পাবে না	পাবে না

৩.২ সদস্য বলতে যিনি নিয়মিত সঞ্চয় করেন বা কমপক্ষে ২০০০ টাকা সঞ্চয় জমা আছে।

৩.৩ পরিবার বলতে একই খানার অন্তর্ভুক্ত সদস্য তবে স্বামী জীবিত, কর্মক্ষম ও স্থানে থাকা অবস্থায় অন্য কাউকে জামিনদার করা যাবে না।

৪. চারটি রোগ বা দুর্ঘটনার বিবরণ

৪.১ প্যারালাইজড হয়ে কর্ম ক্ষমতা হারালে।

৪.২ মানসিক ভারসম্য হারালে বা পাগল হলে।

৪.৩ ক্যান্সার হলে।

৪.৪ দুর্ঘটনার কারণে অঙ্গহানি হলে (অঙ্গহানি বলতে কর্মক্ষমতা হারালে)

৫. যারা কল্যাণ তহবিলের (বীমা) আওতায় আসবে

৫.১ সদস্য

৫.২ সদস্যের স্বামী

৫.৩ জামিনদার (শুধুমাত্র পরিবারের সদস্য হলে)

৫.৪ কোন সদস্য বা তার স্বামী উপরের রোগের যে কোন একটি বিদ্যমান থাকা অবস্থায় ঋণপ্রদান করা হলে পরবর্তীতে তার ক্ষেত্রে এধরনের বীমা প্রযোজ্য হবে না।

৬. যে সকল কাগজপত্র ও দলিলাদি জমা প্রয়োজন:

ক্রম নং	সুবিধাভোগী	প্রয়োজনীয় দলিল
৬.১	সদস্য মৃত্যু	আবেদন পত্র (নির্ধারিত ফরমেটে), ইউপি চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মৃত্যু সনদ
৬.২	স্বামী মৃত্যু	একই
৬.৩	জামিনদারের ক্ষেত্রে	আবেদন পত্র (নির্ধারিত ফরমেটে), ইউপি চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত মৃত্যু সনদ ও জাতীয় পরিচয়পত্র
৬.৪	চার (৪) টি রোগ বা দুর্ঘটনা জনিত বীমার ক্ষেত্রে	আবেদন পত্র, সংস্থার নির্ধারিত ডাক্তার কর্তৃক সনদ, এলাক ব্যবস্থাপকের পরিদর্শন রিপোর্ট

৭. অনুমোদন প্রক্রিয়া:

৭.১ সদস্য মৃত্যুর ক্ষেত্রে নমিনীকর্তৃক আবেদন করতে হবে।

৭.২ সদস্য ছাড়া স্বামী বা জামিনদার হলে সদস্য কর্তৃক আবেদন করতে হবে।

৭.৩ কর্মী কর্তৃক প্রক্রিয়াকরণের পর শাখা ব্যবস্থাপক সরেজমিন পরিদর্শন করবেন এবং সুপারিশ করবেন।

৭.৪ এলাকা ব্যবস্থাপক সরেজমিন যাচাই করে নিশ্চিত হয়ে সুপারিশ করবেন।

৭.৫ আরপিআসি সরাসরি অথবা মোবাইলে যাচাইয়ের পর অনুমোদন দিবেন।

৮. অনিয়মের ক্ষেত্রে দায় বহন

কল্যাণ তহবিলে কোন প্রকার তচ্ছরূপ প্রমানিত হলে নিম্নলিখিত হারে দায় বহন করতে হবে।

পদবী	দায়
মাঠকর্মী	০
শাখা ব্যবস্থাপক	৫০%
এলাকা ব্যবস্থাপক	২৫%
আরপিআসি	২৫%

৯. এই নীতিমালাটি যদি কেউ দ্বিমত পোষণ করেন তা হলে যে কোন মাধ্যমে সহকারি পরিচালক-মৌলিক কর্মসূচি বরাবর জানানো জন্য অনুরোধ করা হলো।

১০. এটি আগামী ১০ জুন ২০১৭ পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে পরবর্তীতে সকলের স্বাক্ষরিত হয়ে সংশ্লিষ্ট ফাইলে চলে যাবে এবং আগামী ৩ সপ্তাহিক সভায় সমিতিতে আলোচনা করতে হবে।

ধন্যবাদ সহ

তারিক সাইদ হারুন

অনুলিপি

নির্বাহী পরিচালক

পরিচালক

অফিস কপি